প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

মুজিব শতবর্ষ MUJIB 100
"মুজিববর্ষের সেবা নিন
প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ"

পরিপত্রনং- ০৮/২০২১ তারিখঃ ০৩.০৩.২০২১

ঋণ ও অগ্রিম বিভাগ

**বিষয়ঃ "পুনর্বাসন ঋণ" নীতিমালা সংশোধন প্রসঙ্গে।**

ব্যাংকের পরিচালনা পর্ষদের গত ২৮.০২.২০২১ তারিখে অনুষ্ঠিত ৭৮ তম সভায় ঋণ বিতরণ বৃদ্ধি এবং ঋণ গ্রহীতাদের চাহিদা বিবেচনায় বিতরণ কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে পরিচালনা পর্ষদের অডিট কমিটির সুপারিশসহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে পর্ষদ নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করে।

ক. "পুনর্বাসন ঋণ" নীতিমালা এর প্রস্তাবিত অনুচ্ছেদসমূহ পরিশিষ্ট-"ক" অনুযায়ী সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| অনুচ্ছেদ নম্বর | বিদ্যমান | পরিশিষ্ট-"ক"<br>অনুমোদিত |
|---|---|---|
| (১) ঋণ পাওয়ার যোগ্যতাঃ (পৃষ্ঠা নং-১৫) | খ) শাখার অধিক্ষেত্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দা না হলে অধিক্ষেত্রের একজন স্থায়ী বাসিন্দাকে ঋণের গ্যারান্টার করতে হবে। | **খ) প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠান এলাকায় অবস্থিত শাখায় ঋণের আবেদন করতে হবে।** |
| (২) ঋণের গ্যারান্টারের যোগ্যতাঃ (পৃষ্ঠা নং-১৫) | ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/মাতা/ভাই/বোন/স্বামী/স্ত্রী গ্যারান্টর হতে পারবেন। উল্লেখিত ব্যক্তি ব্যতিত ঋণ পরিশোধে সক্ষম এমন ব্যক্তিযিনি অধিক্ষেত্র এলাকার স্থায়ী বাসিন্দা তিনি গ্যারান্টার হতে পারবেন। একজন গ্যারান্টার একজন ঋণীর গ্যারান্টার হতে পারবেন। | **(৩) ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/মাতা/স্বামী/স্ত্রী/ভাই/বোন/নিকটতম আত্নীয় এবং ঋণ পরিশোধে সক্ষম এমন ব্যক্তি যিনি আর্থিকভাবে সচ্ছল ও সমাজে গণ্যমান্য তিনিও গ্যারান্টর হতে পারবেন।** |
| (০৭) ঋণ সীমাঃ (পৃষ্ঠা নং-১৬) | পরিচালনা বোর্ড কর্তৃক নির্ধারিত হবে। বর্তমানে একক ঋণীর ক্ষেত্রে সর্বোচ্চ ৮.০০ লক্ষ টাকা। | সর্বোচ্চ ঋণ সীমা **৫০.০০ (পঞ্চাশ)** লক্ষ টাকা। |
| (১১) ঋণের মেয়াদ ও পরিশোধসূচীঃ (পৃষ্ঠা নং-৩২) | প্রকল্প/প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য ও বাজারজাতকরণ ইত্যাদি বিবেচনা করে ঋণ পরিশোধের মেয়াদ/ পরিশোধসূচী (সাপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক, এককালীন) নির্ধারণ করা যাবে। তবে ঋণের মেয়াদ সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর নির্ধারণ করা যেতে পারে। | **ঋণের প্রকল্প/প্রতিষ্ঠানের প্রকৃতি, আকার ও সম্ভাব্য সুদ এবং ঋণ পরিশোধ ক্ষমতা বিবেচনা করে ঋণের মেয়াদ সর্বোচ্চ ১০ (দশ) বছর নির্ধারণ করা হবে।** |
| **পুনর্বাসণ ঋণের আওতায় প্রকল্প ভিত্তিক ঋণের মেয়াদকাল ও পরিশোধ সূচীঃ** (পৃষ্ঠা নং-৩২) | পুনর্বাসণ ঋণের আওতায় প্রকল্প ভিত্তিক ঋণের মেয়াদকাল ও পরিশোধ সূচীঃ | পুনর্বাসন ঋণের আওতায় প্রকল্প ভিত্তিক ঋণের মেয়াদকাল ও পরিশোধ সূচীর **নমুনাঃ** |
| (১৩)হিসাব খোলাঃ (পৃষ্ঠা নং-৩৪) | ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমা করে ঋণীরা পুঁজি গঠন করবে এবং নিজেরাই স্বাবলম্বী হবে এবং একদিন ব্যাংক ঋণ নেওয়ার প্রয়োজন পড়বেনা-এছাড়া ঋণের কিস্তি খেলাপ হলে সঞ্চয়ের অর্থ হতে তা সমন্বয় করা যাবে- এ বিবেচনায় ঋণ গ্রহীতাকে বাধ্যতামুলকভাবে সঞ্চয়ী হিসাব খুলতে হবে। মুলত ব্যাংকিং কার্যক্রম শুরু না হওয়ায় ঋণ বিতরনের সময় নুন্যতম ৫০০/-(পাঁচশত) টাকা জমা গ্রহন করে হিসাব খুলতে হবে এবং কিস্তি জমার সময় নিয়মিতভাবে ঋণী থেকে নুন্যতম ১০০/-(একশত) টাকা সঞ্চয় হিসাবে জমা প্রদানের জন্য আদায় করতে হবে। | **ঋণ বিতরণের পূর্বে অত্র ব্যাংকে ন্যূনতম ১,০০০/-(এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব/৫০০.০০ (পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং অন্য যে কোন তফসিলি ব্যাংকে চলতি হিসাব/সঞ্চয়ী হিসাব থাকতে হবে।** |

ফোন : +৮৮ ০২ ৪৮৩২২৮৭৩, E-mail : info@pkb.gov.bd, Web : www.pkb.gov.bd

| | | |
|---|---|---|
| (১৬) ঋণের জামানতঃ<br>**(২৫.১০.২০২০ তারিখের ৭২ তম পর্ষদ সভায় অনুমোদিত।)** | ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ঋণের জন্য জমি বন্ধক/সহজামানত নেওয়ার কোন বাধ্যবাধকতা থাকবে না।<br><br>ক) ঋণের প্রতি কিস্তির বিপরীতে ০১ (এক) টি করে ঋণ গ্রহিতার নিকট হতে চেক গ্রহণ করতে হবে। চেক গ্রহণ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নীতিমালা/পরিপত্র পরিপালন পূর্বক তা সংরক্ষণ করতে হবে।<br><br>খ) ঋণ গ্রহিতার প্রকল্প সংক্রান্ত প্রশিক্ষণের সার্টিফিকেট/ কাগজপত্র ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। (প্রযোজ্য ক্ষেত্রে)<br>(যেমনঃ মৎস্য সম্পদঃ মৎস্য চাষ, মৎস্য হ্যাচারি ইত্যাদি। প্রাণী সম্পদঃ পোল্ট্রি ফার্ম, পোল্ট্রি, হ্যাচারি, গবাদিপশু মোটাতাজাকরণ / পালন প্রকল্প ইত্যাদি। ক্ষুদ্র কুটির শিল্পঃ মৃৎ শিল্প, ব্লক-বাটিক প্রিন্টিং, বিউটি পার্লার ইত্যাদি ক্ষেত্রে প্রশিক্ষণের প্রয়োজন। বিদ্যমান প্রকল্পের ক্ষেত্রে ঋণ গ্রহিতাদের বাস্তব অভিজ্ঞতা থাকায় সে ক্ষেত্রে প্রশিক্ষণের বিষয়টি নমনীয়ভাবে দেখা যেতে পারে। যে সকল বাণিজ্যিক খাতে ব্যবসা চলমান রয়েছে সে সকল ক্ষেত্রে প্রশিক্ষণের প্রয়োজন নেই, যেমনঃ মুদি/মনোহরী, ডিপার্টমেন্টাল ষ্টোর, কাপড়, জুতা,সার/বীজ/ কীটনাশক, ঔষধ,পার্টস, ইলেকট্রিক, ইলেকট্রনিক্স, ক্রোকারিস, হার্ডয়্যার ব্যবসা ইত্যাদি।) | **ক) জামানতবিহীন ঋণঃ জামানতবিহীন ঋণ সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা। এক্ষেত্রে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ২ (দুই) জন গ্যারান্টরের গ্যারান্টি নিতে হবে। ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ০৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে।**<br><br>**খ) জামানতসহ ঋণঃ ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সহজামানত গ্রহণ করতে হবে এবং ঋণ গ্রহিতা/গ্যারান্টারের ঋণ পরিশোধের সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসাবে হাল খাজনার দাখিলাসহ জমির মূল দলিলপত্রাদি (এসএ/আরএস/বিএস/সিটি জরিপ পর্চা এবং প্রযোজ্য ক্ষেত্রে মিউটেশনের কপি) ঋণ বিতরণের পূর্বে ব্যাংকের হেফাজতে সংরক্ষণ করতে হবে। এক্ষেত্রে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ১ (এক) জন গ্যারান্টরের গ্যারান্টি নিতে হবে। ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ০৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে।**<br><br>**গ) ঋণের পরিমাণ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা/গ্যারান্টরের মালিকানাধীন স্থাবর সম্পত্তি রেজিস্ট্রি মর্টগেজমূলে ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ থাকবে। পাশাপাশি আদালতের হস্তক্ষেপ ব্যতিরেকে বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে রেজিস্টার্ড আমমোক্তারনামা নিতে হবে। এক্ষেত্রে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ১ (এক) জন গ্যারান্টরের গ্যারান্টি নিতে হবে।**<br><br>**ঘ) একজন গ্যারান্টর সর্বোচ্চ দুইজন ঋণগ্রহীতার গ্যারান্টর হতে পারবেন সেক্ষেত্রে গ্যারান্টরের ঋণ পরিশোধে সক্ষমতা থাকতে হবে।** |
| ১৬। খ)<br>(২৫.১০.২০২০ তারিখের ৭২ তম পর্ষদ সভায় অনুমোদিত।) | ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে ঋণ গ্রহিতা/গ্যারান্টারের ঋণ পরিশোধের সক্ষমতা যাচাইয়ের প্রমাণপত্র হিসাবে হাল খাজনার দাখিলাসহ জমির দলিলপত্রাদি (এসএ/আরএস/বিএস/সিটি জরিপ পর্চা এবং প্রযোজ্য ক্ষেত্রে মিউটেশনের কপি) ঋণ বিতরণের পূর্বে ব্যাংকের হেফাজতে সংরক্ষণ করতে হবে। | **খ) বিলুপ্তির সুপারিশ গৃহীত হয়।** |
| ঋণ বিতরণ পদ্ধতিঃ | | **৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত মঞ্জুরীকৃত ঋণ ০১টি কিস্তির মাধ্যমে এবং ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে মঞ্জুরীকৃত ঋণ ন্যূনতম ০২টি এবং সর্বোচ্চ ৫টি কিস্তির মাধ্যমে উদ্যোক্তার নামে A/CPayee/Order চেকের মাধ্যমে বিতরণ করতে হবে। প্রতিটি কিস্তির অর্থ সদ্ব্যবহার করা হয়েছে মর্মে নিশ্চিত হয়ে পরবর্তী কিস্তি বিতরণ করতে হবে।** |

| | | |
|---|---|---|
| প্রসেসিং ফি এবং সার্ভিস চার্জ (২৭.০৬.২০১৬ তারিখের ৩৪ তম পর্ষদ সভায় কার্যত্তোর অনুমোদিত।) | প্রসেসিং ফি ১% এবং সার্ভিস চার্জ ৪% | ঋণ গ্রহীতাকে ঋণ গ্রহণের সময় ১% প্রসেসিং ফি (সর্বোচ্চ ৫ হাজার টাকা) এবং ১% সার্ভিস চার্জ (সর্বোচ্চ ৫ হাজার টাকা) প্রদান করতে হবে। সার্ভিস চার্জ কিস্তির সাথে আদায় করতে হবে। |
| **(১৯) ঋণের চার্জ ডকুমেন্টঃ (পৃষ্ঠা নং-৩৭ ও ৩৮)** | ১,০০,০০০/- (এক লক্ষ) পর্যন্ত ঋণের ক্ষেত্রে<br>ক) ডাবল পার্টি ডিপি নোট - ২০ টাকার রেভিনিউ ষ্ট্যাম্পযুক্ত।<br>খ) ডিপি নোট ডেলিভারী লেটার- (ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)<br>গ) লেটার অব কন্টিনিউটি- (ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)<br>ঘ) তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি- (প্রযোজ্য ক্ষেত্রে) - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত।<br>ঙ) ঋণ গ্রহীতার জমি বন্ধকী দলিল - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত<br>চ) প্রকল্পের উপর হাইপোথিকেশোন - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত।<br>ছ) গ্যারান্টারের জমি বন্ধকী দলিল - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত<br><br>১,০০,০০০/- (এক লক্ষ) টাকার উর্দ্ধে ঋণের ক্ষেত্রে<br><br>ক) ডাবল পার্টি ডিপি নোট - ২০ টাকার রেভিনিউ ষ্ট্যাম্পযুক্ত।<br>খ) ডিপি নোট ডেলিভারী লেটার- ষ্ট্যাম্পের প্রয়োজন নেই<br>গ) লেটার অব কন্টিনিউটি- ষ্ট্যাম্পের প্রয়োজন নেই<br>ঘ) তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি- (প্রযোজ্য ক্ষেত্রে) - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত।<br>ঙ) ঋণ গ্রহীতার জমি বন্ধকী দলিল - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত<br>চ) তৃতীয় পক্ষের জমি বন্ধকী দলিল - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত<br><br>ছ) প্রকল্পের উপর হাইপোথিকেশোন - ১৫০/ (একশত পঞ্চাশ) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পযুক্ত। | <u>ক) ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রেঃ</u><br>১। ডিপি নোট-৫০ টাকার রেভিনিউ ষ্ট্যাম্পযুক্ত।<br>২। প্রকল্প/প্রতিষ্ঠানের সকল অস্থাবর সম্পত্তি/মালামাল ব্যাংকের নিকট হাইপোথিকেশনে রাখার জন্য ঋণ গ্রহীতা কর্তৃক স্বাক্ষরিত হাইপোথিকেশন ডিড-৩০০/- (তিনশত) টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত।<br>৩। Letter of continuity-৩০০/- (তিনশত) টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত (বাণিজ্যিক ঋণের ক্ষেত্রে)।<br>৪। Letter of disbursement-(ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।<br>৫। Letter of arragement-(ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।<br>৬। ডিপি নোট ডেলিভারী লেটার-(ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।<br>৭। Memorandum of cheque-(ষ্ট্যাম্পের প্রয়োজন নেই)।<br>৮। তৃতীয় পক্ষের ব্যক্তিগত গ্যারান্টি-৩০০/- (তিনশত) টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত।<br>৯। ঋণ মঞ্জুরী পত্রের শর্তানুযায়ী ঋণ গ্রহণে সম্মত আছে এ মর্মে ঋণগ্রহীতার সম্মতিপত্র (Letter Of consent) নিতে হবে।<br>১০। মেমোরেন্ডাম অফ টাইটেল ডিড-৩০০/- (তিনশত) টাকার এ্যাডহেসিভ ষ্ট্যাম্পযুক্ত।<br><u>খ) ৫.০০ লক্ষ টাকার উর্দ্ধে ঋণের ক্ষেত্রেঃ</u><br>উপোরোক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত ঋণের চার্জ ডকুমেন্টসহ নিম্নবর্ণিত দলিলপত্রাদি সম্পন্ন করতে হবে।<br>১। ঋণ গ্রহীতার বন্ধকী সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলপত্রাদি গ্রহণ করতে হবে এবং রেজিষ্টার্ড বন্ধকী দলিল ও আমমোক্তারনামা দলিল নিতে হবে।<br>২।বন্ধকদাতা তৃতীয় পক্ষ হলে বন্ধকী সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলপত্রাদি এবং ১ম শ্রেণীর হাকিম আদালতে হলফনামা নিতে হবে। রেজিষ্টার্ড বন্ধকী দলিল এবং আমমোক্তারনামা দলিল নিতে হবে। |

| | | |
|---|---|---|
| (২০) পুনর্বাসন ঋণ আবেদনের প্রাক যোগ্যতামূলক কাগজপত্রঃ (পৃষ্ঠা নং-৩৮) | ক) আবেদনকারীর আবেদনসহ পারিবারিক তথ্য সম্বলিত জীবন বৃত্তান্ত । | **ক) ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে)।** |
| | খ) আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফোটোকপি, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি। | **খ) আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/পাসপোর্ট/প্রযোজ্য ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র।** |
| | ঙ) প্রকল্পের স্থানঃ<br>১) ভাড়া/ লীজ হইলে ভাড়া/ লীজের চুক্তিপত্রের ফটোকপি। | **ঙ) প্রকল্পের স্থানঃ<br>১) ভাড়া/লীজের চুক্তিপত্রের ফটোকপি এবং Letter of Disclaimer নিতে হবে।** |
| | ৩) প্রকল্পের মালিক গ্যারান্টার হইলে গ্যারান্টারের সম্মতিপত্র। | **৩) বিলুপ্তির সুপারিশ গৃহীত হয়।** |
| | ঞ) প্রশিক্ষন/ অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি। | ঞ) প্রশিক্ষন/ অভিজ্ঞতার সার্টিফিকেট এর ফটোকপি **(প্রযোজ্য ক্ষেত্রে)** |
| | ট) আর্থিকভাবে ও সামাজিকভাবে প্রতিষ্ঠিত ০২ (দুই) পরিচয় দানকারীর নাম ও ঠিকানা ফোন নম্বরসহ। | **ট) বিলুপ্তির সুপারিশ গৃহীত হয়।** |
| | ঢ) হলফনামা। | **ঢ) বিলুপ্তির সুপারিশ গৃহীত হয়।** |

খ. ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতাঃ

১. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে সর্বোচ্চ ২০.০০ (বিশ লক্ষ) টাকা ঋণ মঞ্জুরী/ব্যবসায়িক ক্ষমতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর উপর অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে অধীনস্থ কর্মকর্তাদের উপর আংশিক বা সামগ্রিকভাবে অর্পন (Delegation) করতে পারবেন।

২. অর্পিত ক্ষমতা প্রয়োজনবোধে ব্যবস্থাপনা পরিচালক সাময়িকভাবে রহিত/স্থগিত করতে পারবেন।

৩. ২০.০০ (বিশ লক্ষ) টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরী ক্ষমতা পরিচালনা পর্ষদকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, "পুনর্বাসন ঋণ" নীতিমালার সংশোধিত অনুমোদন সকল শাখা ব্যবস্থাপকের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

০৩.০৬.২০২১
(মোহাম্মদ মাসুদুর রহমান)
বিভাগীয় প্রধান

সকল শাখা ব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ
০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(মহাব্যবস্থাপক পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। বিভাগীয় প্রধান, আইটি বিভাগ (সিস্টেম), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অফিস কপি।